

প্রসঙ্গ এসএসসি পরীক্ষা
পিরোজপুর ও ডুমুরিয়ায়

শুলী : ১০ জন আহত

প্রতিনিধি প্রেরিত ॥
খুলনা, ১১ মার্চ।— ডুমুরিয়া উপজেলা এসএসসি পরীক্ষা কেন্দ্রে আজ পুলিশ ১ রাউণ্ড শুলী ছুঁড়লে পরিস্থিতির অবনতি

ঘটে। পরে উত্তেজিত জনতা এ সুযোগে পরীক্ষার হলে প্রবেশ করে এ বিশৃঙ্খল পরিবেশ সৃষ্টি করে। ফলে, পরীক্ষা অনুষ্ঠানে বাধা সৃষ্টি হয়।
পিরোজপুর থেকে আমাদের সংবাদদাতা টেলিফোনে জানান, স্থানীয় সরকারী বিদ্যালয়ে এসএসসি পরীক্ষাকে কেন্দ্র করে আজ পুলিশ ২ রাউণ্ড ফাঁকা শুলী বর্ষণ করলে ১ জন পরীক্ষার্থীসহ ১০ শেখ পঃ ৬-এর কঃ দেখুন

শুলী

প্রথম পৃষ্ঠার পর ব্যক্তি আহত হয়। পরে উত্তেজিত জনতা কর্তব্যরত ম্যাজিস্ট্রেটের গাড়ী ভাঙচুর ও ইটপাটকেল নিক্ষেপ করলে ৭ জন পুলিশ আহত হয়। ৪ জন ছাত্রকে গণ-টোকাটুকির দায়ে বহিষ্কার করার জের হিসেবেই এ ঘটনা ঘটে বলে জানা যায়।

বটিরাঘাটা উপজেলা নির্বাহী অফিসারের কন্যার নকল ধরার অপরাধে সহকারী হল সুপার ভিখারুন্নেছা টেলিফোনে তিরস্কার ও হুমকির সম্মুখীন হয়েছেন বলে অভিযোগ পাওয়া গেছে। নকল ধরার ঘটনা ফাঁস না করার জন্য নানাভাবে গোপনে চাপ আসছে তার উপর। এ ঘটনা ঘটেছে গত ৯ মার্চ উপজেলার এসএসসি পরীক্ষা কেন্দ্রে। এ ঘটনার জের হিসেবে উক্ত পরীক্ষা কেন্দ্রে ১৪৪ ধারা জারি করা হয় এবং কেন্দ্রের আশপাশ এলাকায় চাপা উত্তেজনা বিয়াজ করছে।

আমাদের নরসিংদী সংবাদদাতা টেলিফোনে জানান, এসএসসি পরীক্ষার ৩য় দিনে গতকাল (বুধবার) নরসিংদী জেলার বিভিন্ন কেন্দ্র থেকে ২২ জন ছাত্র-ছাত্রী বহিষ্কার হয়েছে। বহিষ্কৃতদের মধ্যে বেলাবোতে ৭ জন, রায়পুরায় ৭ জন এবং সদর উপজেলায় ৮ জন। মুন্সীগঞ্জের সংবাদদাতা জানান, মুন্সীগঞ্জ কেন্দ্রে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় মোট ১৪শ' ৮৪ জন ছাত্র-ছাত্রী পরীক্ষা দিচ্ছে। এর মধ্যে গত ইংরেজী পরীক্ষায় মোট ১৪শ' ৬০ জন ছাত্র-ছাত্রী পরীক্ষা দেয়। বাংলা এবং ইংরেজী পরীক্ষায় মুন্সীগঞ্জ কেন্দ্র হতে কোন ছাত্র ছাত্রীকে বহিষ্কার করা হয়নি। শান্তিপূর্ণভাবে পরীক্ষা চলছে।